গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
প্রশাসন শাখা-১
www.rdcd.gov.bd

"বঙ্গবন্ধুর দর্শন
সমবায়ে উন্নয়ন"

স্মারক নং-৪৭.০০.০০০০.০৩১.১৯.২৩.০০৬.২১.১৬০

তারিখঃ ১৯ ফাল্গুন, ১৪২৭ বঙ্গাব্দ
০৪ মার্চ, ২০২১ খ্রিস্টাব্দ

বিষয়ঃ স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে উদযাপনের নিমিত্ত মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক বছরব্যাপী কর্মসূচি গ্রহণ প্রসঙ্গে।

সূত্র: মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং-৪৮.০০.০০০০.০০১.২৩.০০৭.২০২০-১৪, তারিখ: ০৯-০২-২০২১ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থপত্রের পরিপ্রেক্ষিতে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে উদযাপনের লক্ষ্যে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ ও এ বিভাগের আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থা/প্রকল্প কার্যালয়ের গৃহীতব্য কর্মসূচি (বছরব্যাপী) নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তঃ বর্ণনা মোতাবেক ০২ (দুই) পাতা।

(মো: মিজানুর রহমান)
উপসচিব
ফোনঃ +৮৮-০২-৯৫৭০৬৪৬
e-mail: admin1.section@rdcd.gov.bd

সচিব
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
পরিবহনপুল ভবন
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা।
[(দৃ: আ:- জনাব দেবাশীষ নাগ, উপসচিব (প্রশাসন-১) ]

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) : সংযুক্ত কর্মসূচি অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১। মহাপরিচালক (গ্রেড-১), বিআরডিবি, ঢাকা।
২। নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, ঢাকা।
৩। প্রকল্প পরিচালক, আমার বাড়ি আমার খামার প্রকল্প, প্রবাসী কল্যাণ ভবন (লেভেল-১৩, পশ্চিম অংশ), ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা।
৪। মহাপরিচালক, বার্ড, কুমিল্লা/আরডিএ,বগুড়া/বাপার্ড, কোটালীপাড়া, গোপালগঞ্জ।
৫। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন (মিল্কভিটা), দুগ্ধভবন, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা।
৬। প্রকল্প পরিচালক, সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি (সিভিডিপি-৩য় পর্যায়) প্রকল্প, সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা।
৭। ব্যবস্থাপনা পরিচালক, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ), ঢাকা।
৮। ব্যবস্থাপনা পরিচালক, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ), পল্লী ভবন (৭ম তলা), ৫, কাওরান বাজার, ঢাকা।
৯। মহাব্যবস্থাপক, বাংলাদেশ সমবায় ব্যাংক লি:, ৮/ডি, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

সদয় জ্ঞাতার্থে অনুলিপিঃ

১। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ **(মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য )।**
২। সচিবের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ **(সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।**
৩। সিস্টেম এনালিস্ট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ **)ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ(।**
৪। অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট/পরিকল্পনা ও উন্নয়ন/আইন ও প্রতিষ্ঠান) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, এ বিভাগ।
৫। অফিস কপি।

স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে উদ্‌যাপনের নিমিত্ত পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ ও এ বিভাগ এর আওতাধীন অধিদপ্তর দপ্তর/সংস্থা/প্রকল্প অফিসের বছরব্যাপী (২০২১) গৃহীতব্য কর্মসূচি :

| ক্র: নং | বিষয় | তারিখ | কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১. | ওয়েবসাইটে সুবর্ণজয়ন্তী কর্ণার স্থাপন | মার্চ, ২০২১ এর মধ্যে | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং এ বিভাগের আওতাধীন সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থা/প্রকল্প অফিসের কার্যালয়ের ওয়েবসাইটে "সুবর্ণজয়ন্তী কর্ণার" স্থাপন এবং হালনাগাদকরণ | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং এ বিভাগের আওতাধীন অধিদপ্তর/দপ্তর//সংস্থা/ প্রকল্প অফিস |
| ২. | ২৫ মার্চ গণহত্যা দিবস পালন। | ২৫ মার্চ, ২০২১ | ২৫ মার্চ গণহত্যা দিবস উদযাপন উপলক্ষ্যে গণহত্যায় শহীদদের স্বরণে প্রতীকী ব্ল্যাক-আউট পালন<br>(সরকারি কর্মসূচীর সাথে সমন্বয় করে পালন) | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং এ বিভাগের আওতাধীন অধিদপ্তর/দপ্তর//সংস্থা/ প্রকল্প অফিস |
| ৩. | ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস পালন | ২৬ মার্চ, ২০২১ | ১) জাতীয় কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে যথাযথ মর্যাদায় মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন;<br>২) ধানমন্ডি ৩২ নম্বরে বঙ্গবন্ধুর প্রতিকৃতি ও এ বিভাগের আওতাধীন সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থা/ প্রকল্প অফিসে স্থাপিত বঙ্গবন্ধুর প্রতিকৃতি/ম্যুরাল এ পুষ্পস্তবক অর্পণ;<br>৩) ৫০টি রঙ্গীন বেলুন ও কবুতর উড়িয়ে স্বাধীনতার সুবর্ণজয়ন্ত্রী উদযাপন;<br>৪) মুক্তিযুদ্ধ বিষয়ক চলচিত্র প্রদর্শন;<br>৫) আলোকসজ্জা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন। | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং এ বিভাগের আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থা/ প্রকল্প অফিস |
| ৪. | মুক্তিযোদ্ধা সমাবেশ ও ঋণ দিবস পালন | ২৬ মার্চ ২০২১ | অস্বচ্ছল মুক্তিযোদ্ধা ও তাঁদের পোষ্যদের প্রশিক্ষণ ও আত্মকর্মসংস্থান কর্মসূচির আওতাধীন বীর মুক্তিযোদ্ধাদের নিয়ে উপজেলা পর্যায়ে মুক্তিযোদ্ধা সমাবেশ ও ঋণ দিবস পালন | মহাপরিচালক (গ্রেড-১), বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) |
| ৫. | আলোচনা সভা | ২৬ মার্চ , ২০২১ | "বঙ্গবন্ধু : স্বাধীনতার রুপকার" শীর্ষক আলোচনা সভার আয়োজন | ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লি:/পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন/ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন |
| ৬. | বিশেষ প্রকাশনা | মার্চ, ২০২১ | সমবায় পত্রিকার বিশেষ সংখ্যা প্রকাশ | নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর |
| ৭. | মুজিবনগর সরকারের শপথ গ্রহণ উপলক্ষে কর্মসূচি | ১৭ এপ্রিল, ২০২১ | মুজিবনগর সরকারের গঠন সর্ম্পকিত আলোকচিত্র প্রদর্শনী ও আলোচনা সভা | মহাপরিচালক, বার্ড-কুমিল্লা/আরডিএ-বগুড়া/বাপার্ড-গোপালগঞ্জ। |
| ৮. | দ্য কন্সার্ট ফর বাংলাদেশ অনুষ্ঠান উপভোগ | ০১ আগষ্ট, ২০২১ | জর্জ হ্যারিসনের দ্য কনসার্ট ফর বাংলাদেশ অনুষ্ঠান উপভোগ এবং মুক্তিযুদ্ধের এই কনসার্টের তাৎপর্য বিষয়ক আলোচনা সভা | মহাপরিচালক, বার্ড-কুমিল্লা |
| ০৯. | দেশের সফল ও আদর্শ সমবায় সমিতিকে বিশেষ সম্মাননা ও পুরস্কার | সেপ্টেম্বর, ২০২১ | সফল সমবায় সমিতির তালিকা প্রস্তুত করতঃ সফল সমবায় সমিতিকে বিশেষ সম্মাননা ও পুরস্কার প্রদান | নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর |

৪.৬.২০২১

F:\Nikosh File-2021\Golden Jubille of Independenc-2021\4. Golden Jubille Landscape-2021.docx

| ক্র: নং | বিষয় | তারিখ | কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| | প্রদান | | | |
| ১০. | মেলা আয়োজন | সুবিধাজনক সময় ও তারিখে | স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষ্যে সমবায়ীদের উৎপাদিত পণ্য প্রদর্শন ও বিপননের লক্ষ্যে "মুক্তিযোদ্ধা কর্ণার"সহ ৮টি বিভাগে পর্যায়ক্রমে ১টি করে মেলার আয়োজন | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতাধীন মহাপরিচালক (গ্রেড-১), বিআরডিবি/নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর/ব্যবস্থাপনা পরিচালক, মিল্ক ইউনিয়ন/পিডিবিএফ/ এসএফডিএফ |
| ১১. | সেমিনার আয়োজন | সুবিধাজনক সময় ও তারিখে | "সুবর্ণরেখায় বাংলাদেশঃ স্বাধীনতার ৫০ বছরে বাংলাদেশের পল্লী উন্নয়ন ও ২০৪১ সালের উন্নত বাংলাদেশের অভিযাত্রায় আগামী দিনের পল্লী উন্নয়ন" শীর্ষক সেমিনার আয়োজন | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং এ বিভাগের আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থা/ প্রকল্প অফিস |
| ১২. | রচনা প্রতিযোগিতা আয়োজন | সুবিধাজনক সময় ও তারিখে | মুক্তিযুদ্ধ ও বঙ্গবন্ধু, কারাগারের রোজনামচা, অসমাপ্ত আত্মজীবনী ইত্যাদি গ্রন্থের উপর স্কুল/কলেজ শিক্ষার্থীদের জন্য রচনা প্রতিযোগিতার আয়োজন | মহাপরিচালক-বার্ড,কুমিল্লা/আরডিএ,বগুড়া/ বাপার্ড, গোপালগঞ্জ |
| ১৩. | ক্রীড়া প্রতিযোগিতা আয়োজন | সুবিধাজনক সময় ও তারিখে | বার্ড-কুমিল্লা/আরডিএ-বগুড়া/বাপার্ড-গোপালগঞ্জে স্থাপিত স্কুল এন্ড কলেজের শিক্ষার্থীদের অংশগ্রহণে ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন | মহাপরিচালক, বার্ড-কুমিল্লা/আরডিএ-বগুড়া/বাপার্ড-গোপালগঞ্জ |
| ১৪. | বুকলেট প্রকাশ | সুবিধাজনক সময় ও তারিখে | পল্লী উন্নয়নে বিআরডিবি'র অগ্রযাত্রায় "গৌরবের ৫০ বছরে বিআরডিবি'র অর্জন ও ভবিষ্যৎ পরিকল্পনা বিষয়ক" বুকলেট প্রকাশ | মহাপরিচালক (গ্রেড-১), বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) |
| ১৫. | মহান ভাষা আন্দোলন হতে মুক্তিযুদ্ধের ঘটনা প্রবাহের ছবি সম্বলিত ডিসপ্লে বোর্ড প্রদর্শন | সুবিধাজনক সময় ও তারিখে | বার্ড-কুমিল্লা/আরডিএ-বগুড়া/বাপার্ড-গোপালগঞ্জে স্থাপিত স্কুল এন্ড কলেজের শীক্ষার্থীদের মুক্তিযুদ্ধের প্রকৃত ইতিহাস অবগতকরণের উদ্দেশ্যে ২৬ মার্চ থেকে ১৬ ডিসেম্বর পর্যন্ত মহান ভাষা আন্দোলন হতে মুক্তিযুদ্ধের ঘটনা প্রবাহের ছবি সম্বলিত ডিসপ্লে বোর্ড প্রদর্শন | মহাপরিচালক, বার্ড-কুমিল্লা/আরডিএ-বগুড়া/বাপার্ড-গোপালগঞ্জ |
| ১৬. | স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের কার্যক্রম উপলক্ষে কর্মসূচি | সুবিধাজনক সময় ও তারিখে | স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের অনুষ্ঠান উপভোগ এবং মুক্তিযুদ্ধে স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের অবদান বিষয়ক আলোচনা সভা | মহাপরিচালক, বার্ড-কুমিল্লা/আরডিএ-বগুড়া/বাপার্ড-গোপালগঞ্জ |
| ১৭. | মহান বিজয় দিবস, ২০২১ উদযাপন | ১৬ ডিসেম্বর, ২০২১ | ১) জাতীয় কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে যথাযথ মর্যাদায় মহান বিজয় দিবস, ২০২১ উদযাপন;<br>২) ধানমন্ডি ৩২ নম্বরে বঙ্গবন্ধুর প্রতিকৃতি ও এ বিভাগের আওতাধীন সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থা/ প্রকল্প অফিসে স্থাপিত বঙ্গবন্ধুর প্রতিকৃতি/ম্যুরাল এ পুষ্পস্তবক অর্পণ;<br>৩) আলোচনা সভা, আলোকসজ্জা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন। | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং এ বিভাগের আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থা/ প্রকল্প অফিস |